দৈনিক সংবাদ

তারিখ 28 MAR 1992
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

# পাঠ্যপুস্তক ঃ চাহিদা ও সরবরাহ

পত্রান্তরে প্রকাশিত এক প্রতিবেদনে অভিযোগ করা হয়েছে, ষষ্ঠ থেকে নবম শ্রেণীর সকল বই ডিসেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে ছাপাশেষে বাজারে আসার কথা থাকলেও 'চরম উদাসীনতা', 'খামখেয়ালীপনা' এবং 'অভ্যন্তরীণ কোন্দলের কারণে' বাংলাদেশ পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতি চলতি মাসেও বোর্ডের সকল বই ছাত্রদের হাতে তুলে দিতে পারেনি।

নেত্রকোনায় নাকি নতুন বই বাজারে না থাকার দরুন একশ্রেণীর বই ব্যবসায়ী গত বছরের অবিক্রীত বই নির্ধারিত দামের চেয়ে বেশী দামে বিক্রি করছে।

টেকস্টবুক বোর্ডের বই ছাপানো এবং সরবরাহের দায়িত্ব এখন পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির সদস্যদের ওপর ন্যস্ত। এ ব্যাপারে কোন গাফলতির দরুন বাজারে যদি বইপুস্তক না পাওয়া যায় তাহলে সমিতিকেই জবাবদিহি করতে হবে।

পাঠ্যপুস্তক সরবরাহে ঘাটতি থাকার ফলে মফস্বল শহরের ব্যবসায়ীরা বিনাকমিশনে বই কিনতে বাধ্য হচ্ছেন, ফলে তারা বইয়ের দামও বাড়িয়ে দিয়েছেন। চাহিদা অনুযায়ী সরবরাহ থাকলে এই পরিস্থিতির উদ্ভব হত না।

পাঠ্যপুস্তক এমন ধরনের কোন ভোগ্য বা বিলাসপণ্য নয় যার কৃত্রিম সংকট সৃষ্টি করার অবকাশ আসে। সময়মত পাঠ্যবই হাতে না আসলে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া থেমে থাকে। সবার সময়ের অপচয় হয়। তাদের এমন ক্ষতি হয় যা পূরণ করা যায় না। এসব সম্পর্কে সচেতন থাকা সত্ত্বেও বিষয়টির দিকে শিক্ষা কর্তৃপক্ষের নজর পড়ে না কেন?

জানুয়ারি মাসের শেষের দিকে রাজধানীসহ দেশের বিভিন্ন এলাকায় পাঠ্যপুস্তকের অভাব সম্পর্কে খবর পাওয়া গিয়েছিল। তখনও নাকি নতুন পাঠ্যবই ছাপা হয়নি। গত বছরের পাঠ্যবই কোথাও কোথাও সরবরাহ করা হচ্ছিল। অর্থাৎ গত বছরের ১৫ই ডিসেম্বর নতুন পাঠ্যবই বাজারে আসার কথা থাকলেও দেড় মাস চলে গিয়েছিল; কিন্তু বাজারে পাঠ্যবই পাওয়া যায়নি। এখনও যদি ঐ ধরনের অভিযোগ আসে তবে পাঠ্যপুস্তক সরবরাহ ব্যবস্থা সম্পর্কে উদ্বিগ্ন না হয়ে পারা যায় না। পাঠ্যবই ছাপানো ও বিক্রির দায়িত্বে যারা আছেন তাদের বিরুদ্ধে যেসব অভিযোগ পত্রান্তরে করা হয়েছে, সেগুলো সম্পর্কে খোঁজখবর নেয়া প্রয়োজন।

পাঠ্যবই ছাপানো বা বিক্রির সরাসরি দায়িত্ব টেকস্টবুক বোর্ডের হাতে না থাকলেও শিক্ষার্থীদের কাছে সময়মত সঠিক মানের পাঠ্যবই পৌঁছানোর ব্যবস্থা করার দায়িত্ব তারা অস্বীকার করতে পারবে না। আমরা আশা করব, বোর্ডের কর্মকর্তারা তাদের এই দায়িত্ব সম্পর্কে সচেতন আছেন। নতুন পাঠ্যবই সরবরাহ পরিস্থিতির যাতে উন্নতি হয়, তার জন্য জরুরী পদক্ষেপ নেয়ার জন্য আমরা সবাইকে আহ্বান জানাচ্ছি।